

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/যশোর-২৪৩/৯


তারিখ: ০৬ এপ্রিল ২০২৫
২৩ চৈত্র ১৪৩১

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, যশোর জেলার মনিরামপুর উপজেলাধীন পাড়িয়ালী আদর্শ বালিকা দাখিল মাদ্রাসার নবগঠিত ম্যানেজিং কমিটি গঠনে বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করে জনাব মোঃ হুমায়ুন কবির অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন।

বর্ণিত অবস্থায়, অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


প্রফেসর মোঃ আব্দুছ হাশ্বার মিয়া
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd


প্রাপক
জেলা শিক্ষা অফিসার, যশোর

নং-বামাশিবো/প্রশা/যশোর-২৪৩/৯

তারিখ: ০৬ এপ্রিল ২০২৫
২৩ চৈত্র ১৪৩১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০;
২. উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর;
৩. জেলা প্রশাসক, যশোর;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনিরামপুর, যশোর;
৪. জনাব মোঃ হুমায়ুন কবির (অভিযোগকারী), গ্রাম/রাস্তা: পাড়িয়ালী, ১৫৪ পাড়িয়ালী, ডাকঘরঃ আম্রবুটা-৭৪৪০, মনিরামপুর, যশোর;
৬. সুপার/ভারপ্রাপ্ত সুপার, পাড়িয়ালী আদর্শ বালিকা দাখিল মাদ্রাসা, মনিরামপুর, যশোর;
৭. অফিস কপি।


মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

তারিখঃ ১১-০৩-২০২৫ইং

বরাবর,
রেজিস্ট্রার,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড,
বখশিবাজার, ঢাকা-১২১১।

বিষয়ঃ মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠনে অনিয়ম, দুর্নীতি প্রসঙ্গে।

জনাব,
যথাবিহীত সম্মানপ্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, যশোর জেলার মনিরামপুর উপজেলার কুলটিয়া ইউনিয়নের “পাড়িয়ালী আদর্শ বালিকা দাখিল মাদ্রাসার” সুপার জনাব আব্দুল হালিম মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠনে সরকারী নীতিমালাকে বৃদ্ধাপুলী দেখিয়ে, দুর্নীতির আশ্রয় নিয়ে নিজের খেয়াল-খুশিমত কমিটি করার পায়তারা করছে। শিক্ষা মন্ত্রণালয়ের ০১/০৬/২০২৫ইং তারিখে জারিকৃত প্রঙ্গাপন যার স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪০.৩৩.০০২.২৪-১৪ ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের ০৯/০১/২০২৫ইং তারিখের জারিকৃত অফিস আদেশ যার স্মারক নং- ৫৭. ১৬. ০০০০.০০৯.১৬.০০২.২৪-০৮ অগ্রাঘ্য করেই, এইচ,এস, সি পাশ জনাব শওকত আলী, পিতাঃ মৃত পাচো গাজীকে তড়িঘড়ি করে গোপনে ম্যানেজিং কমিটির সভাপতির পদে মনোনিত করে। ইতোপূর্বে সুপারের সীমাহীন নিয়োগ বানিজ্য, মাদ্রাসার নামে বিভিন্ন সরকারী অনুদান তহরুপ, মাদ্রাসার মাঠের গাছ বিক্রয়সহ বিভিন্ন প্রকার অপকর্মকে ঢাকার জন্য তার এই মনগড়া পকেট কমিটি। এহেন পরিপ্রেক্ষিতে বিষয়টি সদয় অবগতি ও ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত আবেদন করছি।

অতএব, মহোদয় সমীপে বিনীত আরোজ, সরকারী বিধি লঙ্ঘন করে তৈরি করা অবৈধ কমিটিকে বাতিল করতে আপনার একান্ত মর্জি হয়।

সদয় অবগতি ও ব্যবস্থা গ্রহণের নিমিত্তে

বিনীত নিবেদক

- ১। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনিরামপুর।
- ৪। প্রিজাইটিং অফিসার ও যুব উন্নয়ন কর্মকর্তা, মনিরামপুর উপজেলা।

মাদ্রাসার ছাত্র-ছাত্রীর অভিভাবকবৃন্দ ও এলাকাবাসী

২। জনঃ শুখা হুদা - অতিরিক্ত বকে সদস্য

সংযুক্তিঃ

- ১। শিক্ষা মন্ত্রণালয়ের ০১/০৬/২০২৫ইং তারিখে প্রকাশিত প্রঙ্গাপনের ফটোকপি।
- ২। মাদ্রাসা শিক্ষাবোর্ডের ০৯/০১/২০২৫ইং তারিখে প্রকাশিত অফিস আদেশের ফটোকপি।

২। জনঃ আব্দুল হালিম
স্বাক্ষরিত কুলটিয়া ইউনিয়ন
বালিকা দাখিল মাদ্রাসার

৩। বিজিটি - অতিরিক্ত বকে সদস্য

